দৈনিক সংবাদ

তারিখ ... 19 MAY 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... 2 ...

১৭

# ঢাকা বিশ্ববিদ্যালয় খুলেছে

জাতীয় দুর্যোগের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লাসসমূহ এক সপ্তাহ বন্ধ থাকার পর গতকাল শনিবার আবার শুরু হয়েছে।

বাসস জানায়, দেশের উপকূলীয় জেলাগুলোর ঘূর্ণিউপদ্রুত এলাকায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ও শিক্ষকরা যাতে ত্রাণকাজে অংশ নেয়ার সুযোগ পান সেজন্য কর্তৃপক্ষ গত ১১ইমে থেকে বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস ও পরীক্ষাসমূহ বন্ধ রেখেছিলেন।

## হলগুলোতে সশস্ত্র তরুণদের আনাগোনা

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, ঢাকা :

পৃঃ ৮ কঃ ৮

## ঢাকা বিশ্ববিদ্যালয়

( ১ম পাতার পর )

গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি বর্তমানে শান্ত রয়েছে। গতকাল শনিবার পর্যন্ত কোন গোলাগুলী বা সংঘর্ষের খবর পাওয়া যায়নি। তবে দু'টি ছাত্র সংগঠনের সমর্থকদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

বিশ্ববিদ্যালয়ের কলাভবন সংলগ্ন হলগুলোতে বহিরাগত সশস্ত্র তরুণদের আনাগোনা বেড়েছে। ক্যাম্পাসে পুলিশের সংখ্যা বাড়ানো হয়েছে। পুলিশের সামনেই এসব সশস্ত্র তরুণ নির্বিঘ্নে ঘুরে বেড়াচ্ছে।